



তথ্যবিবরণী

নম্বর-২৬৫

সমবায়ভিত্তিক কৃষি ব্যবস্থা জোরদারে এগিয়ে আসতে পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর আহ্বান

রাজশাহী; ০৪ জ্যৈষ্ঠ (১৮ মে):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মো: আব্দুল ওয়াদুদ, এমপি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে একটি সমবায়ভিত্তিক দেশ হিসাবে গড়ে তুলতে চেয়েছিলেন। বাংলাদেশের কৃষি ব্যবস্থাকে সামগ্রিকভাবে উন্নত করতে হলে সমবায়ভিত্তিক কৃষি ব্যবস্থা জোরদার করতে হবে।

আজ শনিবার (১৮ মে) সকালে রাজশাহী আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পান চাষি ও কর্মকর্তাদের সমন্বয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে আগত পান চাষিদের উদ্দেশ্যে প্রতিমন্ত্রী বলেন, আপনাদের কর্মদক্ষতা ও কর্মস্পৃহা দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। পান জিআই পন্য হিসাবে স্বীকৃতি পেয়েছে যেটা সরকারের অনেক বড় একটি অর্জন।

পান চাষিদের ন্যায্য মূল্য প্রাপ্তি বিষয়ে আব্দুল ওয়াদুদ বলেন, আপনারা সঠিকভাবে চাষ করেন, নায্য মূল্য পেতে যেসকল সমস্যা আছে তা নিয়ে প্রশাসন তথা সংশ্লিষ্ট দপ্তর কাজ করবে। আপনাদের নায্য মূল্য নিশ্চিত করা আমাদের দায়িত্ব।

এ সময় তিনি চাকুরির পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

বিআরডিবি'র মহাপরিচালক আব্দুল গাফ্ফার খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন অতিরিক্ত জেলা প্রশাসক মো: ময়নুল হাসান, বিআরডিবি'র পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের প্রকল্প পরিচালক মোঃ আলাউদ্দিন সরকার। অনুষ্ঠানে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, পান চাষি, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে পান চাষিদের হাতে অগ্নিনির্বাপক যন্ত্র তুলে দেওয়া হয়।

এদিন দুর্গাপুরের ৪০ এবং মোহনপুর ও বাগমারা ১০ করে মোট ৬০ পান চাষিদের নিয়ে ৯ দিন ব্যাপি প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রতিমন্ত্রী।

.....
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৭.১০ ঘ.